

নং: ২৬৯

তারিখ: ১৪/১০/২০২৩

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (৪র্থ পর্যায়)

সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম- এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ব্যবসায় শিক্ষা শাখায় ৪র্থ পর্যায়ে মনোনীত শিক্ষার্থীদেরকে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফি প্রদান ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো। কোন শিক্ষার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে তার ভর্তির মনোনয়ন বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ভর্তি ফি নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করে আগামী ১৫/১০/২০২৩ তারিখের মধ্যে **Sonali Payment Gateway**- এর মাধ্যমে প্রদান করতে হবে।

১ম ধাপ : কলেজ ওয়েবসাইট **gcom.edu.bd** প্রবেশ করতে হবে। **HSC Online Admission Form : ২০২৩-২০২৪** লিঙ্ক এ ক্লিক করতে হবে।

২য় ধাপ : **New Application Form** পৃষ্ঠায় প্রদর্শিত **Admission Roll** এর স্থলে (6 Digit- এর SSC Roll) লিখে **Submit** বাটন ক্লিক করতে হবে। ক্লিক করার সাথে সাথেই **Sonali Payment Gateway** পৃষ্ঠা আসবে।

৩য় ধাপ : **Sonali Payment Gateway** পৃষ্ঠায় **Sonali Bank/Cards/Mobile Banking (Bkash/Rocket/Nagad/OK Wallet/Tap/Upay)** প্রদর্শিত হবে।

৪র্থ ধাপ : যেকোন একটি অপারেটর সিলেক্ট করে সংশ্লিষ্ট অপারেটরের নির্দেশিত প্রক্রিয়া অনুসরণ করে কলেজ ভর্তি ফি ২,৫৩০/- (দুই হাজার পাঁচশত ত্রিশ) টাকা পরিশোধ করতে হবে।

৫ম ধাপ : ভর্তি ফি পরিশোধের সাথে সাথে **Application Form** উইভো/পৃষ্ঠা প্রদর্শিত হবে। ফর্মে উল্লেখিত তথ্যাবলি যথাযথভাবে পূরণ করে **Submit Now** বাটনে ক্লিক করতে হবে। পূরণকৃত ফরমটি **A4 Size** কাগজের উভয়পৃষ্ঠায় কালার প্রিন্ট করে অন্যান্য কাগজপত্রসহ উক্ত প্রিন্টকপি নির্ধারিত তারিখে কলেজে জমা দিতে হবে।

ভর্তির প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদানের সময়সূচি :

| তারিখ ও বার | সময় |
|---------------------|---|
| ১৫/১০/২০২৩ (রবিবার) | সকাল ০৯.৩০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত |

ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে

- ০১। কলেজ ওয়েবসাইটে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি-০১ টি।
- ০২। এস.এস.সি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের মূল কপি ও ফটোকপি ০১ সেট।
- ০৩। মূল প্রশংসাপত্র ও ফটোকপি ০১ সেট।
- ০৪। সদ্য তোলা পার্সপোর্ট সাইজের ০২ কপি রঙ্গিন ছবি সত্যায়িত ছাড়া (ছবির পেছনে নাম ও অনলাইন ফরমে পাওয়া শ্রেণি রোল নম্বর লিখতে হবে)
- ০৫। ২০২১ ও ২০২২ সালের এসএসসি উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে পাঠ বিরতি সনদ (গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদেয়)। এক্ষেত্রে অতিরিক্ত ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা কাগজপত্রের সাথে ক্যাশ জমা দিতে হবে।

কোটায় ভর্তির ক্ষেত্রে :

ক) মুক্তিযোদ্ধা কোটা :-

- ০১। উপরে উল্লেখিত ০১ থেকে ০৫ পর্যন্ত সকল কাগজপত্র ০১ সেট।
- ০২। মুক্তিযোদ্ধার সন্তানদের সনাক্তের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূল কপি ও ফটোকপি ০১ সেট।
- ০৩। মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও ফটোকপি ০১ সেট।
- ০৪। মুক্তিযোদ্ধা নানা হলে শিক্ষার্থীর মাতার জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও ফটোকপি ০১ সেট।
- ০৫। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের কপি।
- ০৬। অনলাইন থেকে ডাউনলোডকৃত তথ্য যেখানে মুক্তিযোদ্ধার (স্বামী/স্ত্রীর নামসহ) পোষ্যদের নাম অন্তর্ভুক্ত রয়েছে তার কপি ও ফটোকপি ০১ সেট।
- ০৭। ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ওয়ারিশ সনদপত্রের মূল কপি ও ফটোকপি ০১ সেট।

খ) শিক্ষা কোটা :-

শিক্ষাকোটায় ভর্তির অনুমতিপ্রাপ্ত শিক্ষার্থীদের পিতা-মাতার প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র অবশ্যই কলেজে দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা প্রতিষ্ঠান প্রধান হলে এক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র এর মূলকপি ও ফটোকপি উপরোক্ত কাগজপত্র সমূহ একটি ১০"X ১২" সাইজের খামে করে খামের উপর নিম্নোক্ত তথ্যসমূহ উল্লেখপূর্বক জমা দিতে হবে।

| | |
|-------------------|--|
| শিক্ষার্থীর নাম : | রোল নম্বর : (ভর্তি ফরমে উল্লেখিত ০৩ ডিজিটের ক্লাস রোল নম্বর) |
| পিতার নাম : | মাতার নাম : |
| বর্তমান ঠিকানা : | স্থায়ী ঠিকানা : |
| মোবাইল নম্বর : | |

(সকল কাগজপত্রের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি শিক্ষার্থীদের নিজের কাছে সংরক্ষণ করার জন্য নির্দেশ দেয়া হলো)

* ভর্তি ফি পরিশোধ করা সংক্রান্ত কোন জটিলতা হলে নিম্নের মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে :-

ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ :

- ১। জনাব ছরওয়ার তারিক মোঃ মাহমুদুল আলম
কম্পিউটার অপারেটর
মোবাইল : ০১৮২০-২৫৪৫৫৫

প্রতিস্বাক্ষর :

অধ্যক্ষ
সরকারি কমার্স কলেজ
(প্রফেসর সুসেন কুমার বিশ্বাস)
অধ্যক্ষ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম

(মোহাম্মদ হাশেম)
সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান ও
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি (২০২৩-২০২৪)